# AKASHVANI (AIR)

## RNU : KOLKATA

## Bengali Text Bulletin

**Date 01-07-2025 Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবর -

১) সাউথ ক্যালকাটা ল-কলেজে এক আইনী পড়ুয়াকে ধর্ষণের ঘটনায় যুক্ত থাকার অভিযোগে এক অস্থায়ী কর্মী ও দুই পড়ুয়াকে বহিষ্কার করা হয়েছে।

এই ঘটনার সঙ্গে যুক্ত দায়ের হওয়া জনস্বার্থ মামলাগুলি আগামী বৃহস্পতিবার শুনানি হবে বলে হাইকোর্ট জানিয়েছে।

২) সুপ্রিম কোর্টের নির্দেশের পরেও অযোগ্য বলে চিহ্নিতদের নতুন করে পরীক্ষায় কেন বসতে দেওয়া হচ্ছে সে ব্যাপারে প্রশ্ন তুলেছে কলকাতা হাইকোর্ট।

৩) ইসরোর চেয়ারম্যান ডক্টর ভি নারায়ণন জানিয়েছেন ভারতের মহাকাশ কর্মসূচী ২০৪০ সালের মধ্যে বিশ্বের যেকোন দেশকে ছাপিয়ে যাবে।

৪) রাজ্যের প্রাক্তন মুখ্যমন্ত্রী ডাক্তার বিধানচন্দ্র রায়ের ১৪৪-তম জন্মদিবস আজ সারা দেশে ‘চিকিৎসক দিবস’ হিসেবে পালিত হচ্ছে।

৫) চলতি আর্থিক বছরের প্রথম তিন মাসের মধ্যে রাজ্যে জিএসটি আদায় জাতীয় গড়কে ছাপিয়ে গেছে।

৬) কলকাতা পুলিশের ট্রাফিক বিভাগের তৎপরতায় শহরের পথ দুর্ঘটনা হ্রাস করা সম্ভব হয়েছে বলে কলকাতা পুলিশ জানিয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

সাউথ ক্যালকাটা ল’ কলেজে গত ২৫শে জুন রাতে এক আইনী পড়ুয়াকে ধর্ষণের ঘটনায় মূল অভিযুক্ত মনোজিত মিশ্র এবং দুই পড়ুয়া প্রমিত মুখোপাধ্যায় ও জাইব আহমেদকে কলেজ থেকে বহিষ্কার করা হয়েছে। ওই ঘটনার পর আজ কলেজে গভর্নিং বডি বা জিবির প্রথম বৈঠক বসে।

একটি প্রতিবেদন –

(ভয়েসকাস্ট- সুমন)

উল্লেখ্য, এর আগে গতকাল উচ্চ শিক্ষা দপ্তর অভিযুক্তদের বহিষ্কার সহ সাত দফা নির্দেশিকা জারি করে।কলেজ কর্তৃপক্ষকেও অবিলম্বে পরিচালন সমিতির বৈঠক ডাকার নির্দেশ দিয়েছিল উচ্চ শিক্ষা দপ্তর

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

এদিকে সাউথ ক্যালকাটা ল’ কলেজে ধর্ষণের ঘটনায় দায়ের হওয়া জনস্বার্থ মামলাগুলির আগামী বৃহস্পতিবার শুনানি হবে বলে, কলকাতা হাইকোর্ট জানিয়েছে। দুই বিচারপতি সৌমেন সেন ও স্মিতা দাস দে-র ডিভিশন বেঞ্চ, মামলার সব পক্ষকে নোটিশ দেওয়ার নির্দেশ দিয়েছে।

উল্লেখ্য, কসবা কান্ডে নিরপেক্ষ তদন্ত ও অভিযুক্তদের যথাযথ শাস্তির পাশাপাশি, রাজ্যের কলেজগুলিতে নিরাপত্তা ও সুরক্ষা সুনিশ্চিত করা, ছাত্র সংসদের নির্বাচন দীর্ঘদিন না হওয়া সত্ত্বেও কলেজ ইউনিয়ানগুলির বৈধতা সহ বেশ কয়েকটি অভিযোগে, কলকাতা হাইকোর্টে মোট তিনটি জনস্বার্থ মামলা দায়ের হয়েছে।

আইনী পড়ুয়ার কলেজ ক্যাম্পাসে ধর্ষণের প্রতিবাদে আগামীকাল কালীঘাট থেকে কসবা পর্যন্ত মিছিল করার জন্য পুলিশের অনুমতি না মেলায় কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয়েছে বিজেপি যুব মোর্চা।

এদিকে, চারদিনের পুলিশ হেফাজত শেষে ধর্ষণ কান্ডে জড়িত তিন অভিযুক্ত মনোজিত মিশ্র, প্রমিত মুখোপাধ্যায়, জইব আহমেদ-কে আজ ফের আলিপুর আদালতে তোলা হয়েছে। কলেজের নিরাপত্তা রক্ষী পিনাকী বন্দ্যোপাধ্যায়কে’ও আজ একইসঙ্গে আদালতে পেশ করা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

এদিকে, অভিযুক্তদের কঠোর শাস্তির দাবিতে আজ বিজেপি-র ব্যারাকপুর পুলিশ কমিশনারেট অভিযানকে কেন্দ্র করে উত্তেজনা ছড়ায়। চিড়িয়া মোড় এলাকায় বন্ধ করে দেওয়া হয় যান চলাচল। বিজেপির দাবি কৌস্তব বাগচি সহ দলের কয়েকজন নেতা কর্মী আহত হয়েছেন।

বর্ধমান আদালত চত্ত্বরেও আজ সারা ভারত আইনজীবী সমিতির পক্ষ থেকে বিক্ষোভ দেখানো হয়।

অন্যদিকে, পাশ করার পাঁচ বছরের মধ্যে কলেজ ক্যাম্পাসে ঢোকার ক্ষেত্রে নিষেধাজ্ঞা জারি করেছে যোগেশচন্দ্র চৌধুরী ল কলেজের ছাত্র সংসদ। দক্ষিণ কলকাতার কসবা কান্ডের প্রেক্ষিতে ছাত্র সংসদের তরফে একটি নির্দেশিকায় জানানো হয়েছে, বিশেষ পরিস্থিতি ছাড়া পাশ করার পাঁচ বছরের মধ্যে প্রাক্তনীদের কলেজের কোনো অনুষ্ঠানে আমন্ত্রণ জানানো বা যোগাদানের অনুমতি দেওয়া হবে না। এই নির্দেশিকা আজ থেকেই কার্যকর হচ্ছে।

oooooooooooooooooooooooo

এক মহিলাকে জোর করে শারীরিক সম্পর্কে বাধ্য করার অভিযোগে পুলিশি তলবের বিরুদ্ধে কলকাতা হাই কোর্টের দ্বারস্থ হয়েছেন ভারত সেবাশ্রম সংঘের সন্ন্যাসী কার্তিক মহারাজ। তার বিরুদ্ধে দায়ের করা FIR বাতিল করার আবেদন জানিয়ে বিচারপতি জয় সেনগুপ্তের এজলাসে মামলা দায়ের করেছেন তিনি। মূর্শিদাবাদের নবগ্রাম থানায় আজই হাজিরা দেওয়ার জন্য বলে পুলিশ । আগামীকাল মামলার শুনানি হতে পারে।

উল্লেখ্য, ১৩ বছর আগে চাকরি দেওয়ার নাম করে একাধিকবার শারীরিক সম্পর্কে বাধ্য করার অভিযোগ তুলে কার্তিক মহারাজের বিরুদ্ধে FIR দায়ের করেন এক মহিলা।

oooooooooooooooooooooooo

পূর্ব বর্ধমানের জামালপুরে ছ'বছরের নাবালিকাকে ধর্ষণের দায়ে প্রতিবেশী যুবককে ১০ বছরের সশ্রম কারাদণ্ডের নির্দেশ দিয়েছে বর্ধমানের পকসো আদালত। একইসঙ্গে ১০ হাজার টাকা জরিমানা, অনাদায়ে আরও তিন মাস কারাবাস এবং ক্ষতিপূরণ বাবদ নাবালিকাকে তিন লক্ষ টাকা দেওয়ার নির্দেশ দিয়েছেন বিচারক। ২০১৯ সালের ২৬ মার্চ ওই প্রতিবেশী বিস্কুট দেওয়ার নাম করে শিশুকন্যাকে তার ঘরে নিয়ে গিয়ে যৌন নির্যাতন চালায়। **২৭ মার্চ অভিযুক্তকে গ্রেপ্তার করে পুলিস। মামলায় মোট ১১জন সাক্ষ্য দেন।**

oooooooooooooooooooooooooo

সুপ্রিম কোর্টের নির্দেশের পরেও অযোগ্য বলে চিহ্নিতদের নতুন করে পরীক্ষায় কেন বসতে দেওয়া হচ্ছে, সে ব্যাপারে প্রশ্ন তুলেছে কলকাতা হাইকোর্ট।

বিচারপতি সৌগত ভট্টাচার্য, রাজ্য ও স্কুল সার্ভিস কমিশনকে আগামী সোমবারের মধ্যে এ'সংক্রান্ত জবাব দিতে বলেছেন। বিচারপতি বলেন, ২৬ হাজার চাকরী বাতিলের পর স্কুল সার্ভিস কমিশন যে নতুন নিয়োগ বিজ্ঞপ্তি জারি করেছে, তা' নিয়ে একাধিক প্রশ্ন রয়েছে। শীর্ষ আদালতের রায় অনুযায়ী পুরোনো বিধি মেনে নিয়োগ প্রক্রিয়া করার পরিবর্তে নতুন করে কেন বিজ্ঞপ্তি জারি করা হল, তা' নিয়েও প্রশ্ন তুলেছে আদালত। তবে, রাজ্যের আইনজীবির বক্তব্য, সুপ্রিম কোর্টের নির্দেশ মেনেই গোটা প্রক্রিয়া এগিয়ে চলেছে। এবিষয়ে জবাব দেওয়ার জন্য আদালতের কাছে সময় চাওয়া হলেও, বিচারপতি ভট্টাচার্য আগামী সোম বারের মধ্যে তাঁদের বক্তব্য জানাতে বলেছেন।

উল্লেখ্য, গত ৩০শে মে SSC, ৪০ হাজারের'ও বেশী শূণ্যপদে নিয়োগ বিজ্ঞপ্তি জারি করে। আবেদন পত্র জমা নেওয়ার কাজ চলবে আগামী ১৪ তারিখ পর্যন্ত।

অন্যদিকে, **সুপার নিউমেরারি** বা অতিরিক্ত শূণ্যপদ তৈরী করে কর্মশিক্ষা ও শারীর শিক্ষার বিষয়ে চাকরী দেওয়ার অভিযোগের তদন্ত, আদালত নির্দেশ না দিলে করা সম্ভব নয় বলে, CBI আজ কলকাতা হাইকোর্টে জানিয়েছে। এসংক্রান্ত মামলায় তদন্তে কিছু জানা গেছে কিনা, সে ব্যাপারে বিচারপতি বিশ্বজিৎ বসুর এজলাসে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার পক্ষ থেকে এই বক্তব্য পেশ করা হয়। তবে আপাতত, কোনো নির্দেশ বিচারপতি বসু দেননি।

আগামী শুক্রবার এই মামলার পরবর্তী শুনানী।

oooooooooooooooooooooooooo

উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদ দ্বাদশ শ্রেণীর তৃতীয় সেমিস্টারে রেজিস্ট্রেশনের জন্য নতুন সূচী প্রকাশ করেছে। সংসদের তরফে এক বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, ৭ই জুলাইয়ের পরিবর্তে আগামী ১৪ই জুলাই থেকে ২৪শে জুলাই পর্যন্ত অনলাইনে এনরোলমেন্ট ফর্ম জমা দেওয়া যাবে। সাধারণ ক্যান্ডিডেটের পাশাপাশি কন্টিনিউইং ও স্পেশাল ক্যান্ডিডেটরাও এই সময়সীমার মধ্যে নাম নথিভুক্ত করতে পারবে। আগামী ২৩ জুলাই সংসদের অনলাইন পোর্টালে শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন চেকলিস্ট

প্রকাশ করা হবে এবং ১৩ আগস্ট  স্কুলগুলো শিক্ষার্থীদের জন্য রেজিস্ট্রেশন সার্টিফিকেট ইস্যু করতে পারবে বলে বিজ্ঞপ্তিতে উল্লেখ রয়েছে।

উল্লেখ্য, এই সমগ্র প্রক্রিয়াটি অনলাইনে সম্পন্ন হয়। তবে, আজ থেকে আগামী সাতদিন 'বাংলার শিক্ষা পোর্টাল' বন্ধ থাকায় উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদের তরফে সূচী পরিবর্তন করা হয়েছে বলে খবর।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

ইসরোর চেয়ারম্যান ডক্টর ভি নারায়ণন জানিয়েছেন ভারতের মহাকাশ কর্মসূচী ২০৪০ সালের মধ্যে বিশ্বের যেকোন দেশকে ছাপিয়ে যাবে। আজ আই আই টি খড়্গপুরে ইসরো এস টি সি কনফ্লুয়েন্স ২০২৫-এর উদ্বোধন করে তিনি একথা জানান। ডক্টর নারায়ণন জানিয়েছেন, বিকশিত ভারতে অবদান রাখার জন্য বিভিন্ন কর্মসূচী রূপায়িত হচ্ছে।

অনুষ্ঠানে বক্তব্য রাখার সময় আই আই টি খড়্গপুরের নির্দেশক অধ্যাপক সুমন চক্রবর্তী জানান, এই অনুষ্ঠান আই আই টি খড়্গপুর এবং ভারতীয় মহাকাশ গবেষণা সংস্থা ইসরোর মধ্যে একটি গুরুত্বপূর্ণ সহযোগিতার মাইলফলক। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আইআইটি খড়্গপুরের "কল্পনা চাওলা মহাকাশ প্রযুক্তি সেল"-এর চেয়ারপারসন অধ্যাপক দেবারতি সেন সহ ইসরোর অন্যান্য আধিকারিকরা।

আজ চিকিৎসক দিবস উপলক্ষে ডক্টর বিধানচন্দ্র রায়ের একটি পূর্ণাবয়ব মূর্তির উন্মোচন করেন ডক্টর ভি নারায়ণন। ভারতের প্রথম মহিলা ডাক্তার কাদম্বিনী গাঙ্গুলীরও একটি মূর্তিও তিনি উন্মোচন করেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যের প্রাক্তন মুখ্যমন্ত্রী ডাক্তার বিধানচন্দ্র রায়ের ১৪৪-তম জন্মদিবস আজ ‘চিকিৎসক দিবস’ হিসেবে পালিত হচ্ছে। ডাক্তার রায়ের প্রয়াণ বার্ষিকীতেও নান অনুষ্ঠানেও তাঁকে স্মরণ করা হচ্ছে।

রাজ্যপাল ডক্টর সি ভি আনন্দ বোস আজ এক শুভেচ্ছা বার্তায়, মানব জীবন রক্ষা এবং স্বাস্থ্য পরিষেবার উন্নয়নে চিকিৎসকদের নিরলস প্রচেষ্টার জন্য কৃতজ্ঞতা প্রকাশ করেন। তিনি, ডক্টর বিধান চন্দ্র রায়কে শুধুমাত্র চিকিৎসা বিজ্ঞানে পথিকৃত হসেবে নয়, একজন রাষ্ট্রনেতা হিসেবেও উল্লেখ করেছেন।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী, চিকিৎসক দিবসে এই পরিষেবার সঙ্গে যুক্ত সকলকে শুভেচ্ছা জানিয়েছেন।

কলকাতা পুরসভার উদ্যোগে কেওড়াতলা মহাশ্মশানে ডক্টর রায়ের মূর্তিতে মালা দিয়ে শ্রদ্ধা নিবেদন করেন পুরসভার চেয়ার পার্সেন, সাংসদ মালা রায় এবং অন্যান্য মেয়র পারিষদরা।

প্রদেশ কংগ্রেস কার্যালয় বিধান ভবনেও আজ যথাযোগ্য মর্যাদায় দিনটি পালিত হয় । উপস্থিত ছিলেন প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার, প্রাক্তন সাংসদ প্রদীপ ভট্টাচার্য সহ কংগ্রেস নেতৃবৃন্দ।

আর জি কর মেডিকেল কলেজ হাসপাতালে প্রাক্তনীদের সংগঠন এই উপলক্ষে এক অনুষ্ঠানে ডাক্তার বিধানচন্দ্র রায়ের মূর্তিতে মালা দিয়ে শ্রদ্ধা জানান। অনুষ্ঠানে প্রধান বক্তা হিসেবে ছিলেন রাজ্যসভার প্রাক্তন সদস্য জওহর সরকার। এছাড়া আর জি কর হাসপাতালের অধ্যক্ষ ডাক্তার মানস বন্দ্যোপাধ্যায়, পশ্চিমবঙ্গ হেল্থ ইউনির্ভাসিটির প্রাক্তন ভাইস চ্যানসেলার ডাক্তার ভবতোষ বিশ্বাস প্রমুখ। সংগঠনের পক্ষ থেকে অভয়ার স্মৃতিতে মাল্যদান করা হয়।

ইডেন গার্ডেনসে ডাক্তার বি সি রায় ক্লাব হাউসে সিএবি-র পক্ষ থেকে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। সিএবি-র সভাপতি স্নেহাশিস গাঙ্গুলি  ডাক্তার রায়ের মুর্তিতে মালা দিয়ে শ্রদ্ধা জানান।

**নদীয়ার** কল্যাণীতে বিভিন্ন প্রতিষ্ঠা ও সংগঠনের পক্ষ থেকে বিধান রায়ের মূর্তিতে মালা দিয়ে শ্রদ্ধা নিবেদন করা হয়। জেলার কৃষ্ণনগর, শান্তিপুর সহ বিভিন্ন স্থানেও আয়োজন করা হয়েছে সাংস্কৃতিক অনুষ্ঠানের।

**পশ্চিম বর্ধমানের** দুর্গাপুর শিল্পাঞ্চল জুড়ে পালিত হয়েছে, বাংলার রূপকার তথা আধুনিক শিল্প শহরের স্থপতি ডক্টর বিধান চন্দ্র রায়ের জন্মদিনটি।

দুর্গাপুর মহকুমা কংগ্রেস সেবা দলের পক্ষ থেকে রঘুনাথপুরে এক অনুষ্ঠানে বিধান রায়কে শ্রদ্ধা জানান প্রদেশ কংগ্রেস নেতৃবৃন্দ।

হাওড়ায় জাতীয় চিকিৎসক দিবস উপলক্ষে ইন্ডিয়ান মেডিকেল অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে এক সভার আয়োজন করা হয়। চিকিৎসা পরিষেবা ও স্বাস্থ্য সুরক্ষার ক্ষেত্রে চিকিৎক-রোগীর সম্পর্কের বিষয়ে আলোকপাত করা হয় ওই অনুষ্ঠানে।

oooooooooooooooooooooooo

চলতি আর্থিক বছরের প্রথম তিন মাসের মধ্যেই রাজ্যে পণ্য পরিষেবা কর- GST আদায় জাতীয় গড়কে ছাপিয়ে গেছে। এই সময় কেন্দ্রীয় GST আদায়ের সর্বভারতীয় গড় ১৪ শতাংশ। এরাজ্যে সেই হার ১৬ শতাংশের মতো বলে CGST কলকাতা জোনের চিফ কমিশনার শ্রবণ কুমার আকাশবাণীকে জানিয়েছেন। তিনি বলেন, কর আদায় ব্যবস্থার সরলীকরণ, করদাতাদের সঙ্গে নিবিড় যোগাযোগ ও নিরন্তর প্রচারের মধ্যে দিয়েই এই সাফল্য অর্জন করা সম্ভব হয়েছে।

(বাইট – শ্রবণ কুমার)

CGST কলকাতা জোনের উদ্যোগে আজ অষ্টম GST দিবস যথাযথ মর্যাদায় পালিত হয়।

oooooooooooooooooooooooooo

কলকাতা পুলিশের ট্রাফিক বিভাগের তৎপরতায় শহরে পথ দুর্ঘটনার হ্রাস করা সম্ভব হয়েছে বলে কলকাতার নগরপাল মনোজ ভার্মা দাবি করেছেন।

কলকাতার আলিপুর চিড়িয়াখানার সামনে আজ পথ নিরাপত্তা সপ্তাহের সূচনা করে নগরপাল এই দাবি করেন। তিনি বলেন, গত বছর প্রথম ৬ মাসে পথ দুর্ঘটনায় মৃত্যুর সংখ্যা ৯২ ছিল। এবছর গতকাল শেষ হওয়া প্রথম ৬ মাসে সেই সংখ্যা কমে ৮৪ হয়েছে। আগামী ৬ মাসে এই সংখ্যা আরো হ্রাস পাবে বলে তিনি আশা প্রকাশ করেন।

oooooooooooooooooooooooooo

oooooooooooooooooooooooooo

oooooooooooooooooooooooooo